



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৭.২৩.৫৭

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৪৪৮৯/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৪৪৮৯/২০২৩-এর ১৯/১১/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা পৌরসভা কার্যালয়-এর গত ০১/১১/২০২৩ খ্রি. তারিখের ভোলা/পৌর/বাজার/২০২৩/৫৩৪ সংখ্যক স্মারকের অনুবলে ভোলা পৌরসভাধীন জিয়া সুপার মার্কেটের ওয় তলায় অবস্থিত ৩৫৫০ বর্গফুট জায়গাবিশিষ্ট দালানকক্ষ বরাদ্দের বিজ্ঞপ্তি জারি করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ মঞ্জুরুল আলম সংস্কৃ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৪৮৯/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং মেয়র, ভোলা পৌরসভা, ভোলা-কে ৩নং প্রতিপক্ষসহ মোট তিন জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৪৪৮৯/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8209/potrojariAttachmentRef/52477/0/2240)

২৪-১-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

মেয়র

ভোলা পৌরসভা, ভোলা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৭.২৩.৫৭/১(৫)

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৪-১-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)